

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ সদর।

www.lged.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখহাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২.৭০৬৬.০০০.১৪.০০১.১৯-২৬

তারিখঃ ০৮-০১-২০১৯ খ্রিঃ।

দরপত্র বিজ্ঞপ্তি নং-০২/২০১৮-১৯ (উপজেলা উন্নয়ন তহবিল)

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৮-১৯ইং অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত্ত) এর অর্থে গৃহীত স্কীমের কাজ বাস্তবায়নের নিমিত্তে চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলা পরিষদের তালিকাভুক্ত হালনাগাদ নবায়নকৃত ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে পিপিআর-২০০৮ (সর্বশেষ সংশোধনীসহ) ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা-২০১৪ মোতাবেক সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ঃ দরপত্র সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি :		
১	ক্রয় প্রক্রিয়ার পদ্ধতি	ঃ সীমিত ক্রয় পদ্ধতি (Limited Tendering Method, LTM)
২	তহবিলের উৎস	ঃ উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত্ত)
৩	দরপত্র দলিল বিক্রয়ের স্থান (দপ্তর) সমূহ	ঃ ক. জেলা প্রশাসকের কার্যালয়, জেলা-চাঁপাইনবাবগঞ্জ। খ. নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, জেলা-চাঁপাইনবাবগঞ্জ। গ. উপজেলা প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, উপজেলা-সদর/শিবগঞ্জ, জেলা-চাঁপাইনবাবগঞ্জ।
৪	দরপত্র পূর্ব মিটিং এর তারিখ, সময় ও স্থান	ঃ তারিখঃ ১৫-০১-২০১৯ ইং, সকালঃ ১১.০০ ঘটিকা, উপজেলা প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, উপজেলা-সদর, জেলা-চাঁপাইনবাবগঞ্জ।
৫	দরপত্র দলিল বিক্রয়ের শেষ তারিখ ও সময়	ঃ তারিখঃ ২৪-০১-২০১৯ইং, সময়ঃ বেলা ৫.০০ ঘটিকা পর্যন্ত।
৬	দরপত্র দলিল দাখিলের শেষ তারিখ, সময় ও স্থান (দপ্তর) সমূহ	ঃ তারিখঃ ২৭-০১-২০১৯ ইং, সময়ঃ বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত। ক. জেলা প্রশাসকের কার্যালয়, এলজিইডি, জেলা-চাঁপাইনবাবগঞ্জ। খ. নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, জেলা-চাঁপাইনবাবগঞ্জ। গ. উপজেলা প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, উপজেলা-সদর, জেলা-চাঁপাইনবাবগঞ্জ।
৭	দরপত্র দলিল খোলার তারিখ ও সময় ও স্থান	ঃ তারিখঃ ২৭-০১-২০১৯ সময়ঃ বেলা ৩.০০ ঘটিকা। উপজেলা প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, উপজেলা-সদর, জেলা-চাঁপাইনবাবগঞ্জ।

প্যাকেজ নম্বর	প্রকল্পের নাম ও অবস্থান	প্রাক্কলিত মূল্য (টাকা)	আমানতের পরিমাণ (টাকা)	সিডিউলের মূল্য (টাকা)	কাজ সমাপ্তির সময়সীমা
১	২	৩	৪	৫	৬
২০১৮-১৯/ উজে-উ:ত:০১	(ক) বালিয়াডাঙ্গা ইউপি'র ১নং ওয়ার্ডের নসিপুর গ্রামের ফাসাদ মন্ডলের বাড়ী হতে কালি জোড় পর্যন্ত রাস্তা এইচবিবি করণ;	৬০০,০০০			
	(খ) বালিয়াডাঙ্গা ইউপি'র ১নং ওয়ার্ডের নশিপুর ঈদগাহ সোলিং করণ;	৩০০,০০০			
	(গ) বালিয়াডাঙ্গা ইউপি'র ৭নং ওয়ার্ডের সোনাপুর গ্রামের শফিকুলের বাড়ীর মেইন রাস্তার পার্শ্ব প্রটেকশন ওয়াল নির্মাণ;	৩০০,০০০			
	(ঘ) বালিয়াডাঙ্গা ইউপি'র যাদুপুর মাদ্রাসার ৪টি শ্রেণী কক্ষের ছাদ নির্মাণ;	৪৫০,০০০			
	মোট টাকা =	১৬,৫০,০০০/=	৪১,২৫০/=	১৫০০/=	৯০দিন
২০১৮-১৯/ উজে-উ:ত:০২	(ক) গোবরাতলা ইউপি'র ১নং ওয়ার্ডের সরজন নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের দরজা, জানালা সরবরাহ এবং ফ্লোর ও ওয়াল প-স্টারকরণ;	৫০০,০০০			
	(খ) গোবরাতলা ইউপি'র ১নং দিয়াড় ধাইনগর উত্তরপাগড়া গোরস্থানের রাস্তা এইচবিবি করণ	২০০,০০০			
	(গ) গোবরাতলা ইউপি'র ৮নং ওয়ার্ডের নাথাইকৃষ্ণপুর নানটমিয়া পুকুর হইতে এ্যাড: নজরুলের বাথান পর্যন্ত রাস্তা এইচবিবি করণ	২০০,০০০			
	মোট টাকা =	৯,০০,০০০/=	২২৫০০/=	১০০০/=	৯০দিন
২০১৮-১৯/ উজে-উ:ত:০৩	(ক) গোবরাতলা ইউপি'র ৭নং ওয়ার্ডের গোবরাতলা মহিলা কলেজের ১টি শ্রেণী কক্ষ নির্মাণ;	৬০০,০০০			
	(খ) গোবরাতলা ইউপি'র ৮নং ওয়ার্ডের নাথাইকৃষ্ণপুর সাইদুরের দোকান হতে নাজিরের বাড়ির মসজিদ পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন;	৩০০,০০০			
		মোট টাকা =	৯,০০,০০০/=	২২৫০০/=	১০০০/=
২০১৮-১৯/ উজে-উ:ত:০৪	(ক) বিলিম ইউপি'র ২নং ওয়ার্ডের বালিকা পাড়া জামে মসজিদের পশ্চিমে পার্শ্ব পুকুরের পাড়ে রাস্তা প্রটেকশন ওয়াল নির্মাণ;	৪,০০,০০০			
	(খ) বিলিম ইউপি'র আমনুরা মিয়াপাড়া রাস্তার (শেষ অংশ) হতে সতেমানের বাথান পর্যন্ত রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন;	৫০০,০০০			
		মোট টাকা =	৯,০০,০০০/=	২২৫০০/=	১০০০/=

প্যাকেজ নম্বর	প্রকল্পের নাম ও অবস্থান	প্রাক্কলিত মূল্য (টাকা)	আমানতের পরিমাণ (টাকা)	সিডিউলের মূল্য (টাকা)	কাজ সমাপ্তির সময়সীমা
১	২	৩	৪	৫	৬
২০১৮-১৯/ উজে-উ:ত:০৫	(খ) বিলিম ইউপি'র ৪নং ওয়ার্ডের ধুলুর বাড়ী হতে বাদলের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন;	৪০০,০০০			
	(ঘ) বিলিম ইউপি'র বারুড়াইং হতে সাঁতাল পাড়া পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন;	৬০০,০০০			
	মোট টাকা =	১০,০০,০০০/=	২৫০০০/=	১০০০/=	৯০দিন
২০১৮-১৯/ উজে-উ:ত:০৬	(ক) বারঘরিয়া ইউপি'র ৪নং ওয়ার্ডের বারঘরিয়া জহুরুলের বাড়ি হতে শহিদুলের বাড়ি পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন;	৩০০,০০০			
	(খ) বারঘরিয়া ইউপি'র ৬নং ওয়ার্ডের কাজিপাড়া আরকানের বাড়ি হতে শেখ সাদির বাড়ি পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন;	৩০০,০০০			
	(খ) বারঘরিয়া ইউপি'র বারঘরিয়া লক্ষীপুর স্কুলের বাউন্ডারি ওয়াল নির্মাণ;	৮০০,০০০			
	মোট টাকা =	১৪,০০,০০০/=	৩৫০০০/=	১৪০০/=	৯০দিন
২০১৮-১৯/ উজে-উ:ত:০৭	(ক) মহারাজপুর ইউপি'র ২নং ওয়ার্ডের এম মেম্বারের বাড়ি হতে জোড়া বকুলতলা মোড় পর্যন্ত পানি নিষ্কাশন ড্রেন নির্মাণ;	৮৫০,০০০			
	(খ) মহারাজপুর ইউপি'র ভগবানপুর গাইনপাড়া হতে চুনাখালী মরা নদী পর্যন্ত পানি নিষ্কাশন ড্রেন নির্মাণ;	৭৫০,০০০			
	মোট টাকা =	১৬,০০,০০০/=	৪০০০০/=	১৫০০/=	৯০দিন
২০১৮-১৯/ উজে-উ:ত:০৮	(ক) রাণীহাটী ইউপি'র ৪নং ওয়ার্ড চুনাখালি এনায়েতুল্লাহ মাদ্রাসার ৩টি শ্রেণী কক্ষের ছাদ নির্মাণ;	৫০০,০০০			
	(খ) চরঅনুপনগর ইউপি'র ২নং ওয়ার্ডের চরঅনুপনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সামনে সিঁড়ি ঘাট নির্মাণ;	৩০০,০০০			
	(গ) চরঅনুপনগর ইউপি'র ৯নং ওয়ার্ডের অনুপনগর মোল- ১পাড়া হতে আকবরের বাড়ী পর্যন্ত রাস্তা এইচ বিবি দ্বারা উন্নয়ন;	৫০০,০০০			
	মোট টাকা =	১৩,০০,০০০/=	৩২৫০০/=	১৪০০/=	৯০দিন
২০১৮-১৯/ উজে-উ:ত:০৯	(ক) দেবীনগর ইউপি'র দেবীনগর বালিকা উচ্চ বিদ্যালয়ের ২য় তলায় ১টি শ্রেণীকক্ষ ও সিঁড়ি ঘরের প- স্টারসহ ছাদ নির্মাণ কাজ;	৩০০,০০০			
	(খ) দেবীনগর ইউপি'র দিয়াড় মহাবিদ্যালয়ের ১টি শ্রেণী কক্ষ ও টয়লেটের প- স্টার ও দরজা জানালা স্থাপন।	২০০,০০০			
	(গ) ইসলামপুর ইউপি'র ৫নং ওয়ার্ডের খাইরুলের বাড়ী হইতে দশরশিয়া কেন্দ্রীয় সৈদগাহ পর্যন্ত রাস্তা সিসি করন;	৪০০,০০০			
	মোট টাকা =	৯,০০,০০০/=	২২৫০০/=	১০০০/=	৯০দিন
২০১৮-১৯/ উজে-উ:ত:১০	(ক) আলাতুলী ইউপি'র ৯নং ওয়ার্ডের কোদালকাটি উচ্চ বিদ্যালয়ের অসমাপ্ত কাজ সমাপ্ত করণ;	৬০০,০০০			
	(খ) শাহজাহানপুর ইউপি'র ২নং ওয়ার্ডের শাহজাহানপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ;	৪০০,০০০			
	(গ) শাহজাহানপুর ইউপি'র ৫নং ওয়ার্ডের সূজনপাড়া ব্রীজের দুই পার্শ্বে প্রটেকশান ওয়াল নির্মাণ;	৪০০,০০০			
	মোট টাকা =	১৪,০০,০০০/=	৩৫০০০/=	১৪০০/=	৯০দিন
২০১৮-১৯/ উজে-উ:ত:১১	(ক) চরবাগডাঙ্গা ইউপি'র ৪নং ওয়ার্ডের চরবাগডাঙ্গা মোড় থেকে চকপাড়া জামে মসজিদ পর্যন্ত রাস্তা সিসি করণ নির্মাণ;	৩০০,০০০			
	(খ) চরবাগডাঙ্গা ইউপি'র ৪নং ওয়ার্ডের চাকপাড়া মফিজুল মাস্টারের বাড়ির সামনে পাঁকা রাস্তার ধারে ও লতিফ মওলানার বাড়ির পার্শ্বে প্রটেকশান ওয়াল ও শেপ ড্রেন নির্মাণ;	৩০০,০০০			
	(গ) চরবাগডাঙ্গা ইউপি'র বাখের আলী ক্যাম্পের পার্শ্বে নদী ভাঙ্গন কবলিত এলাকার লোকজনের বর্তমান বসবাসের জায়গায় রাস্তা এইচবিবি করন।	৪০০,০০০			
	মোট টাকা =	১০,০০,০০০/=	২৫০০০/=	১০০০/=	৯০দিন
২০১৮-১৯/ উজে-উ:ত:১২	(ক) সুন্দরপুর ইউপি'র ৫নং ওয়ার্ডের জয়ন্দীপুর গ্রামের কালামের বাড়ি হতে শফিকুলের বাড়ি পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন;	৪০০,০০০			
	(খ) সুন্দরপুর ইউপি'র ৭নং ওয়ার্ডের সুন্দরপুর ইউনিয়ন পরিষদের অসমাপ্ত বাউন্ডারি এর কাজ সমাপ্ত করন	৫০০,০০০			
	(গ) স্বরূপনগর শহীদ মোহর আলী উচ্চ বিদ্যালয় উন্নয়ন;	৩,০০,০০০			
	মোট টাকা =	১২,০০,০০০/=	৩০০০০/=	১১০০/=	৯০দিন

দরপত্রের সাধারণ শর্তাবলী :

- ১। কোন দরদাতা দাখিলকৃত প্রাক্কলনের ৫% (পাঁচ শতাংশ) এর অধিক কম বা অধিক বেশী দরে দরপত্র দাখিল করিলে তার দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।
- ২। ১নং শর্তের আলোকে সর্বনিম্ন দর মূল্যায়িত দরপত্র একাধিক হলে লটারীর মাধ্যমে ঠিকাদার নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করা হবে এবং লটারীর জন্য নির্ধারিত তারিখ ও সময় অত্র দপ্তর হতে পরবর্তীতে জানা যাবে।
- ৩। দাখিলকৃত বায়নার টাকা (Tender Security) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চাঁপাইনবাবগঞ্জ সদর এর অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হতে বিডি/পে-অর্ডার আকারে দাখিল করতে হবে।
- ৪। সফল ঠিকাদার বরাবরে দরপত্র গ্রহণের বিষয়ে পত্র জারীর ০৭(সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট কাজের চুক্তিমূল্যের ৫% হারে Pay-order/ Bank Draft আকারে অবশ্যই Performance Security জমা প্রদান করে ৩০০/= (তিনশত টাকা) মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ঠিকাদারের নামে সম্পাদন করতে হবে।
- ৫। সিডিউল, স্পেসিফিকেশন, ডিজাইন ও অন্যান্য শর্তাবলী উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চাঁপাইনবাবগঞ্জ সদর এর দপ্তর হতে সরবরাহ করা হবে যা-দরপত্র দলিলের অংশ হিসাবে বিবেচিত হবে।
- ৬। দরপত্রে উল্লেখিত সময়সীমার মধ্যে কাজ সম্পাদন করতে হবে।
- ৭। এই দরপত্র সংক্ষিপ্ত বিধায় অত্র দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি (অতিরিক্ত শর্তাবলীসহ) নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে অফিস চলাকালীন সময় জানা, দেখা ও ক্রয় করা যাবে।

কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ/ বাতিল/ স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(আ.ন.ম.ওয়াহিদুজ্জামান)
উপজেলা প্রকৌশলী
ফোনঃ ০৭৮১-৫২০৬১
e-mail: ue.cnganj-s@ged.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের নিমিত্তে প্রেরণ করা হলো :-

- ১। জেলা প্রশাসক, জেলা-চাঁপাইনবাবগঞ্জ।
- ২। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জেলা-চাঁপাইনবাবগঞ্জ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা- সদর, জেলা- চাঁপাইনবাবগঞ্জ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা- সদর, জেলা- চাঁপাইনবাবগঞ্জ।
- ৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা- শিবগঞ্জ / ভোলাহাট/ গোমছাপুর/ নাচোল, জেলাঃ চাঁপাইনবাবগঞ্জ।
- ৬। উপজেলা অফিসার, উপজেলা- সদর, জেলা- চাঁপাইনবাবগঞ্জ।
- ৭। জেলা হিসাব রক্ষণ অফিসার, জেলা- চাঁপাইনবাবগঞ্জ।
- ৮। চেয়ারম্যান, (সকল) ইউপি, উপজেলা- সদর, জেলা- চাঁপাইনবাবগঞ্জ।
- ৯। নোটিশ বোর্ড / অফিস নথি।

পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ (সর্বশেষ সংশোধনীসহ) দরপত্র সংক্রান্ত যাবতীয় শর্তাবলীসহ নিম্নবর্ণিত শর্তাবলী দরপত্রের শর্ত হিসেবে প্রযোজ্য হবে :-

০১. দরপত্র দাখিলের পূর্বে ইচ্ছুক দর-দাতাগণ প্রকল্প স্থান সরেজমিনে পরিদর্শন করিবেন এবং কার্যস্থলের অবস্থা সম্পর্কে অবগত হইবেন। পরবর্তীতে কার্যস্থলের অসুবিধা সম্পর্কে কোন আপত্তি গৃহীত হইবে না।
০২. চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলা পরিষদের তালিকাভুক্ত (হালনাগাদ নবায়নকৃত) ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান অত্র দরপত্রে অংশ গ্রহন করিতে পারিবেন।
০৩. দরপত্রে অংশ গ্রহনকারী ঠিকাদার / ঠিকাদারী প্রতিষ্ঠানকে দরপত্রের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, ন্যাশনাল আইডি কার্ড, মূল্য সংযোজন কর (VAT) ও আয়কর সনদ পত্রের (TIN) অনুলিপি এবং চলতি অর্থ বৎসরে (হালনাগাদ ও নবায়নকৃত) ঠিকাদারী লাইসেন্সের ফটোকপি স্পষ্ট আকারে (প্রত্যেকটি পৃথক পৃথক ভাবে) সত্যায়িত করিয়া অবশ্যই দরপত্রের সহিত দাখিল করিতে হইবে। নতুবা দরপত্র গ্রহনযোগ্য হইবে না।
০৪. ঠিকাদারগণ দরপত্রের সহিত দরপত্র ক্রয়ের রশিদের মূল কপি / ফটো কপি (সত্যায়িত সহ) দাখিল করিতে হইবে এবং দাখিলকৃত খামের উপর ঠিকাদারের নাম ও ঠিকানা সহ প্রতি গুপের কোড/প্যাকেজ নং স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।
০৫. দরপত্র সমূহ দরপত্র বিজ্ঞপ্তি মোতাবেক দরপত্র গ্রহনকারী অফিস সমূহে প্রাপ্তি স্বীকৃত্য রেজিস্ট্রি ডাকযোগে দাখিল করা যাইবে। তবে এই দরপত্র সমূহ নির্ধারিত সর্বশেষ সময়ের পূর্বে অত্র দপ্তরে পৌছাইতে হইবে।
০৬. শর্তযুক্ত দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। দরপত্র দলিলে প্রতি পৃষ্ঠায় নির্ধারিত স্থানে স্বাক্ষর করিতে হইবে। অন্যথায় দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।
০৭. দরপত্রের সাথে দাখিলকৃত বায়না (Tender Security) বাবদ অর্থ শুধুমাত্র বিডি / পে-অর্ডার আকারে চাঁপাইনবাবগঞ্জ জেলার যে কোন সিডিউল ব্যাংক হতে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চাঁপাইনবাবগঞ্জ সদর এর অনুকূলে দাখিল করতে হবে।
০৮. দরপত্র দাতাগণের দাখিলকৃত দরপত্র, দরপত্র দাখিলের দিন হতে পরবর্তী ২০(বিশ) দিন পর্যন্ত বলবৎ থাকতে হবে এবং দরপত্রের সাথে দাখিলকৃত বায়না (Tender Security) বাবদ অর্থের শুধুমাত্র বিডি / পে-অর্ডার উক্ত দরপত্র বলবৎকাল (Tender Validity Period) এর পর আরও ২৮ (আটাশ) দিন অর্থাৎ মোট ৪৮ (আটচলি-শ) দিন কার্যকরী থাকতে হবে, অন্যথায় দাখিলকৃত দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
০৯. দরপত্র সমূহ একই কালিদ্বারা পরিষ্কার ও স্পষ্ট করিয়া লিখিতে হইবে। ঘষামাজা বা কাটাকাটি লেখা স্বাক্ষর যুক্ত হইতে হইবে। অস্পষ্ট লেখা, ঘষামাজা বা কাটাকাটিতে স্বাক্ষর না থাকার কারণে দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। সাদা ও লাল ফুইড ব্যবহার কোন অবস্থায় করা যাইবে না।
১০. আর্থিক দরপত্র দাতাগণকে সকল আইটেমের উপর একত্রে (Over all) শতকরা হারে ৫% উর্দ্ধদর / সমদর/ ৫% নিম্নদর উল্লেখ করিতে হইবে। পূর্বক স্পষ্ট ভাবে দরপত্র দলিলের নির্ধারিত স্থানে অংকে এবং কথায় দর উল্লেখ করিতে হইবে। এক্ষেত্রে কোন দরদাতা দাপ্তরিক প্রাক্কলনের ৫% (পাঁচ শতাংশ) এর অধিক কম বা অধিক বেশী দরে দরপত্র দাখিল করিলে তার দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
১১. সর্বনিম্ন দরে মূল্যায়িত দরপত্র একাধিক হলে ঠিকাদারদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) লটারীর মাধ্যমে ঠিকাদার নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করা হবে এবং লটারীর জন্য নির্ধারিত তারিখ ও সময় অত্র দপ্তর হতে পরবর্তীতে জানা যাবে।
১২. সফল ঠিকাদার বরাবরে দরপত্র গ্রহনের বিষয়ে পত্র (Acceptance of Tender) জারীর ৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট কাজের চুক্তিমূল্যের ৫% হারে চাঁপাইনবাবগঞ্জ জেলার যে কোন তফশীলভুক্ত ব্যাংক হতে বিডি / পে-অর্ডার আকারে অবশ্যই Performance Security জমা প্রদান করে ৩০০/= (তিনশত টাকা) মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ঠিকা চুক্তি সম্পাদন করতে হবে।
১৩. প্রদত্ত কার্যদেশ অনুযায়ী সংশ্লিষ্ট ঠিকাদার তাহার অনুকূলে দেয় কাজ অপর কাহারও নিকট বিক্রয়, বন্ধকী বা হস্তান্তর করিতে পারিবেন না। যদি উহা করেন তবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক চুক্তিপত্রের শর্তানুযায়ী প্রদত্ত কার্যদেশ বাতিল, আমানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত সহ তাহার বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহন করার ক্ষমতা সংরক্ষিত।
১৪. কাজ সম্পাদনের সময়সীমা একটি গুরুত্বপূর্ণ শর্ত হিসাবে বিবেচিত হইবে এবং নিয়োজিত ঠিকাদারকে উহা পূরাপূরি পালন করিতে হইবে। প্রকল্পের কাজ চলাকালীন সময়ে প্রাকৃতিক দুর্যোগের কারণে কোন ক্ষয়ক্ষতি হইলে কোন প্রকার ক্ষতিপূরণ প্রদান করা হইবে না।
১৫. প্রকল্পের কাজ শুরু করার প্রাথমিক পর্যায়ে প্রকল্পের স্থান / লে-আউট ইত্যাদি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের উপস্থিতিতে সংশ্লিষ্ট কারিগরী কর্মকর্তার সহযোগীতায় বুঝে নিতে হবে। প্রকল্পের চূড়ান্ত কাজ শুরুর প্রথমদিনে স সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান / তাহার প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে।
১৬. কাজ শুরুর প্রাথমিক পর্যায়ে নির্মাণকাজে ব্যবহার্য প্রয়োজনীয় মালামাল সিডিউল, স্পেসিফিকেশন, ডিজাইন অনুযায়ী হতে হবে এবং ব্যবহারের পূর্বে উপজেলা প্রকৌশলী অথবা তাহার প্রতিনিধি দ্বারা উহা অনুমোদন করাইয়া লইতে হইবে।
১৭. রড বাইন্ডিং কাজ উপজেলা প্রকৌশলী অথবা তাহার প্রতিনিধি কর্তৃক অনুমোদিত হইত হইবে। প্রতিটি RCC কাজ অবশ্যই উপজেলা প্রকৌশলী অথবা তাহার প্রতিনিধির উপস্থিতিতে করিতে হইবে। প্রতিটি ঢালাইয়ের পূর্বে কর্তৃপক্ষকে অবশ্যই অবহিত করিতে হইবে।
১৮. ঠিকাদারকে নিজ ব্যয়ে ও দায়িত্বে প্রতিটি RCC কাজে মিস্ত্রার মেসিন, ভাইব্রেটর মেসিন সংগ্রহ পূর্বক কাজ সম্পন্ন করিতে হইবে।
১৯. বিধি মোতাবেক ঠিকাদার / ঠিকাদারী প্রতিষ্ঠানের বিল পরিশোধকালীন সময়ে দাখিলকৃত বিল হইতে জামানত, আয়কর ও ভ্যাট কর্তন করা হইবে।
২০. কাজ সম্পাদনের পর সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক কাজ সম্পাদনের প্রত্যয়ন পত্র গ্রহণ করিতে হইবে। এছাড়া কোন শিক্ষা প্রতিষ্ঠান বা অন্যকোন প্রতিষ্ঠানের উন্নয়ন কাজ করা হইলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান কর্তৃক কাজ সম্পাদনের প্রত্যয়ন পত্র গ্রহণকরতঃ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের প্রতিস্বাক্ষর নিতে হইবে। অন্যথায় চূড়ান্ত বিল পরিশোধ করা হইবে না।
২১. চূড়ান্ত বিল পরিশোধ অস্বেড কাজের সন্তোষজনক অবস্থার ভিত্তিতে Defect Liability Period পর্যন্ত Performance Security সংরক্ষণ করা হবে। কোন কারণে কাজ সম্পাদনের জন্য সময় বৃদ্ধি করা হলে আনুপাতিক হারে Performance Security সংরক্ষণের মেয়াদও বর্ধিত হবে।
২২. জামানতের অর্থ (Retention Money) ০১(এক) বৎসর উত্তীর্ণ হইলে ফেরত দেওয়া হইবে। জামানত ফেরতের পূর্বে প্রকল্পের কাজের কোন মেরামত প্রয়োজন হইলে নিয়োজিত ঠিকাদার নিজ ব্যয়ে তাহা মেরামত করিয়া দিতে বাধ্য থাকিবেন।
২৩. উপরোক্ত শর্তাবলী ছাড়াও উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় জারীকৃত সরকারী নিয়মকানুন এবং দরপত্র বিজ্ঞপ্তি সহ পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ (সর্বশেষ সংশোধনীসহ) এর দরপত্র সংক্রান্ত যাবতীয় শর্তাবলীর প্রতিটি শর্ত নিয়োজিত ঠিকাদার মানিয়া চলিতে বাধ্য থাকিবেন।
২৪. অর্থ প্রাপ্তি / সংকুলান সাপেক্ষে বিল প্রদান করা হইবে এবং ইহাতে ঠিকাদারের কোন আপত্তি গ্রহন যোগ্য হইবে না।

(আ.ন.ম.ওয়ালিদুজ্জামান)

উপজেলা প্রকৌশলী

এলজিইডি

চাঁপাইনবাবগঞ্জ সদর

ও

সদস্য সচিব, উপজেলা দরপত্র কমিটি

